২২ সেপ্টেম্বর ২০১০

# এইচএসবিসি-*কালি ও কলম* তরুণ কবি ও লেখক পুরস্কার ২০১০

## নিয়মাবলি

(১) ২০০৯ সালের জুলাই থেকে ২০১০ সালের জুন মাসের মধ্যে প্রকাশিত এবং ১৮ থেকে ৪০ বৎসর বয়সী বাংলাদেশী (প্রবাসীও) লেখকদের রচিত **মৌলিক সাহিত্যকর্ম** –

১) কবিতা

২) ছোটগল্প ও উপন্যাস

৩) প্রবন্ধ, গবেষণা ও নাটক

৪) মুক্তিযুদ্ধভিত্তিক গবেষণা বা প্রবন্ধগ্রন্থ

৫) কিশোরদের জন্য রচিত উপন্যাস ও ছোটগল্প গ্রন্থ পুরস্কারের জন্য বিবেচিত হবে।

(২) পুরস্কারের জন্য উপস্থাপিত হয়নি এমন বই, অনুবাদকর্ম এবং পুরস্কারের যে-কোনো পর্যায়ের বাছাইয়ের সঙ্গে জড়িত ব্যক্তিদের গ্রন্থ পুরস্কারের জন্য বিবেচিত হবে না।

(৩) প্রতিটি বিভাগের শ্রেষ্ঠ গ্রন্থের জন্য **এক লাখ করে মোট পাঁচ লাখ টাকা পুরস্কার** প্রদান করা হবে।

(৪) ইতিপূর্বে এইচএসবিসি-*কালি ও কলম* তরুণ কবি ও লেখক পুরস্কার পেয়েছেন তাঁদের গ্রন্থ পুরস্কারের জন্য বিবেচিত হবে না।

(৫) ৯ ডিসেম্বর ২০১০ তারিখের মধ্যে *কালি ও কলম* দপ্তরে (বেঙ্গল সেন্টার, প্লট ২, সিভিল এভিয়েশন, নিউ এয়ারপোর্ট রোড, খিলক্ষেত, ঢাকা ১২২৯) পাঁচ কপি বই জমা দিতে হবে। সেইসঙ্গে একটি ঘোষণা দিতে হবে যে, বইটি বাংলাদেশী লেখকের মৌলিক সাহিত্যকর্ম, লেখকের বয়স নির্ধারিত বয়ঃক্রমের মধ্যে এবং বইটি পুরস্কারের জন্য উপস্থাপন করা হচ্ছে। বয়স প্রমাণের জন্য জাতীয় পরিচয়পত্র অথবা সমমানের সনদের অনুলিপি প্রেরণ করতে হবে।

(৬) ২০১১ সালের এপ্রিলের প্রথম সপ্তাহে একটি অনুষ্ঠানের মাধ্যমে এই পাঁচটি পুরস্কার প্রদান করা হবে। পুরস্কারের বিষয়ে বিচারকমণ্ডলীর সিদ্ধান্ত হবে চূড়ান্ত।